

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯২৮

আগরতলা, ২২ ফেব্রুয়ারি, ২০২৪

৪২তম আগরতলা বইমেলা

দ্বিতীয় দিনে কবি সম্মেলন ও সাংস্কৃতিক অনুষ্ঠান

৪২তম আগরতলা বইমেলায় আজ ছিল দ্বিতীয় দিন। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ হাঁপানিয়াস্থিত আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণের কবিতামঞ্চে মোট ৩৪ জন কবি বাংলা ভাষায় স্বরচিত কবিতা পাঠ করেন। কবি সম্মেলন অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কবি নকুল রায়। আজ বইমেলা প্রাঙ্গণে বিপুল কান্তি সাহা মঞ্চে শিল্পীগণ শাস্ত্রীয় সংগীত, সমবেত সংগীত, সমবেত নৃত্য ও পঞ্চ কবির গান পরিবেশন করেন। সবুজকলি সাংস্কৃতিক সংস্থা পরিবেশন করে শ্রুতি নাটক। তাছাড়াও জনজাতি শিল্পীগণ বর্ণময় সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। সাংস্কৃতিক অনুষ্ঠান সঞ্চালনা করেন শিল্পী রাল্ল লোধ।
